36

ভোরের কাগজ

তারিখ ৩০ NOV 1998
পৃষ্ঠা ৭ কলাম ৩

সরকারি কলেজে নকলের সুযোগ কম

# কুমিল্লার অধিকাংশ স্নাতক পরীক্ষার্থীর ঝোঁক বেসরকারি কলেজের দিকে

সৈয়দ নুরুর রহমান, কুমিল্লা থেকে : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি (পাস) পরীক্ষায় এ বছর জেলার সরকারি কলেজগুলোতে পরীক্ষার্থীর সংখ্যা মারাত্মকভাবে হ্রাস পেয়েছে। জেলার বেসরকারি কলেজগুলোতে অবাধ নকলের সুযোগ পাওয়ার আশায় পরীক্ষার্থীরা সেদিকে ঝুঁকে পড়েছে। কুমিল্লা সরকারি কলেজে এ বছর মাত্র চারজন পরীক্ষার্থী থাকায় এ কলেজের পরীক্ষার্থীদের ভিক্টোরিয়া সরকারি কলেজ কেন্দ্র থেকে পরীক্ষা দিতে হচ্ছে।

জেলায় ডিগ্রি (পাস) পরীক্ষার মোট ২৫টি কেন্দ্রের মধ্যে সাতটি সরকারি কলেজ কেন্দ্র। বাকি ১৮টি বেসরকারি কলেজ কেন্দ্র। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে এ বছর ডিগ্রি পরীক্ষার্থী ছিল ২৩০ জন এবং সরকারি মহিলা কলেজে মাত্র ৯১ জন। শহরের দুটি সরকারি কলেজ কেন্দ্রে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩২১ জন হলেও শহরের একমাত্র বেসরকারি কলেজ কেন্দ্র অজিত গুহ কলেজে এ বছর পরীক্ষার্থী ১ হাজার ২৩৬ জন। যা দুটি সরকারি কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যার চেয়ে প্রায় চারগুণ বেশি।

একইভাবে শহরতলীয় নকলের চারণক্ষেত্র হিসেবে খ্যাত চৌয়ারা কলেজে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ হাজার ২৪৬। নকলের সুযোগ থাকায় জেলার অপরাপর বেসরকারি কলেজগুলোর পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে নাঙ্গলকোট কলেজে ১ হাজার ১২৮, পয়ালগাছা কলেজে ৮৯৬, কোম্পানিগঞ্জ বদিউল আমিন কলেজে ৮৭২, ব্রাহ্মণপাড়ায় সাহেবাবাদ কলেজে ৫৭০, চান্দিনার রেদোয়ান আহমেদ কলেজে ৪৮, চৌদ্দগ্রাম গুণবতী কলেজে ৭৬৩, বুড়িচং এরশাদ কলেজে ৪৮০, নোমান আহমেদ কলেজে ৫৬৪, হোমনা ডিগ্রি কলেজে ৪৯১, লালমাই কলেজে ৩৪৯ জন।

পরীক্ষার্থীর সংখ্যা কম হওয়ায় কুমিল্লা সরকারি কলেজ ও বরুড়া সরকারি কলেজ কেন্দ্র অন্য কলেজে স্থানান্তর করা হয়েছে। সরকারি কলেজগুলোর মধ্যে সর্বোচ্চসংখ্যক পরীক্ষার্থী হচ্ছে চিওড়া সরকারি কলেজে। এই কলেজে এবারের পরীক্ষার্থীর সংখ্যা ৮০০ নকলের অবাধ সুযোগ থাকায় এই কলেজে পরীক্ষার্থীদের ভিড় কমেনি।